

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৮২০

মোহনপুর, ১৪ নভেম্বর, ২০২০

পোষণ ভি পড়াই ভি
মোহনপুরে কর্মশালা

মোহনপুর নিবিড় শিশু উন্নয়ন প্রকল্পের উদ্যোগে গতকাল থেকে মোহনপুর পঞ্চায়েত সমিতি হলে পোষণ ভি পড়াই ভি কর্মসূচির উপর তিনদিনব্যাপী এক কর্মশালা শুরু হয়েছে। কর্মশালার উদ্বোধন করেন মোহনপুর পুরপরিষদের চেয়ারপার্সন অনিতা দেবনাথ। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মোহনপুর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান রাকেশ দেব, ভাইস চেয়ারম্যান সঞ্জীব কুমার দাস, মোহনপুর পুর পরিষদের ভাইস চেয়ারপার্সন শঙ্কর দেব, সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের যুগ্ম অধিকর্তা চন্দ্রাণী বিশ্বাস, মোহনপুর ব্লকের বিডিও ধৃতিশেখর রায় প্রমুখ। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন সিডিপিও দীপক চন্দ্র সরকার। কর্মশালায় ৫০ জন অঙ্গনওয়াড়ি কর্মী অংশ নিয়েছেন।
